



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শাখা

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

Website : www.bteb.gov.bd



প্রতিদিন অন্ততঃ একবার বাকাশিবোর
ওয়েবসাইট www.bteb.gov.bd
ভিজিট করুন।

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০২২.১৯.১৬৩

তারিখ : ০৭-০২-২০১৯ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয় : ২০১৯ সনের এইচএসসি (বিএম)/এইচএসসি (ভোক)/ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের ১ম ও ২য় বর্ষের পাঠদানকারী শিক্ষকগণের তালিকা অনলাইনে প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বোর্ডের অধীন এইচএসসি (বিএম)/ এইচএসসি (ভোক)/ ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রম পরিচালিত সকল প্রতিষ্ঠান প্রধানদের জানানো যাচ্ছে যে, ২০১৯ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএম)/ এইচএসসি (ভোক)/ ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের ১ম ও ২য় বর্ষের উত্তরপত্র মূল্যায়ন/ নিরীক্ষন করতে ইচ্ছুক এরূপ পাঠদানকারী সকল প্রভাষক/ সহকারি অধ্যাপক/ উপাধ্যক্ষ/ অধ্যক্ষ পদমর্যাদাধারী শিক্ষকগণের প্রয়োজনীয় তথ্যাবলী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (www.bteb.gov.bd) এর প্রদর্শিত তথ্য ছক মোতাবেক পূরণ করে আগামী ২০-০৩-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে মাধ্যমে অনলাইনে প্রেরণ এবং ২১-০৩-২০১৯ খ্রিঃ হতে হার্ড কপি প্রিন্ট করে, উক্ত প্রিন্টকৃত কপি, এমপিও ভূক্ত শিক্ষকদের ক্ষেত্রে এমপিও শিটের ফটোকপি, নন-এমপিও শিক্ষকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে প্রদত্ত নিয়োগপত্রের ফটোকপি অধ্যক্ষের সিল সহ স্বাক্ষর নিয়ে তা আগামী ৩০-০৩-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে/কুরিয়ার/হাতে হাতে বোর্ডের বিএম শাখায় (১০ম তলা) জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। কোন শিক্ষক তাঁর নিজ প্রতিষ্ঠান থেকে তাঁর তথ্যাবলী একাধিকবার অথবা একের অধিক প্রতিষ্ঠান হতে বোর্ডের ওয়েবসাইটে প্রেরণ করতে পারবেন না।

উল্লেখ্য যে, কোন শিক্ষক বর্তমানে কর্মরত না থাকলে অথবা ভুল তথ্য দিয়ে খাতা মূল্যায়ন করতে চাইলে তার দায়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। এছাড়া উত্তরপত্র পরীক্ষক হিসেবে বোর্ড কর্তৃক মনোনীত হওয়ার পর পরীক্ষককে অবশ্যই সংযুক্ত নমুনা মোতাবেক কর্মরত প্রতিষ্ঠানের প্যাডে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

স্বাক্ষরিত/-

(ড. সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা


ফোন : ৯১১৩২৮৩

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০২২.১৯.১৬৩(৬)

তারিখ : ০৭-০২-২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল :

- ১-৩। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল)।
- ৫। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।
- ৬। সংশ্লিষ্ট নথি।


০৭/০২/২০১৯

(মোঃ সামসুল আলম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯১৩৩৪৬৫

(নমুনা)

প্রত্যয়ন পত্র

অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত সম্প্রতি
তোলা এক কপি ছবি।
(ছবির পিছনে অবশ্যই
পরীক্ষকের নাম ও প্রতিষ্ঠান
কোড থাকতে হবে।)

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, জনাব :.....,
পিতা :, মাতা :,
স্থায়ী ঠিকানা :, মোবাইল নম্বর :,
জাতীয় পরিচয় পত্র নম্বর :। তিনি অত্র প্রতিষ্ঠানে প্রভাষক/সহকারি অধ্যাপক/ অধ্যক্ষ
.....(বিষয়ের নাম) পদে কর্মরত আছেন। তিনি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক এইচএসসি (বিএম)/
এইচএসসি (ভোক)/ ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষা-২০১৯ এর(বিষয়ের নাম ও
কোড) এর একজন উত্তরপত্র পরীক্ষক হিসাবে নিযুক্ত হয়েছেন। তাকে উক্ত বিষয়ের উত্তরপত্র প্রদান করা যেতে পারে। তিনি
স্বশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত সময়ে উত্তরপত্র গ্রহণ করবেন।

আমার জানা মতে তিনি রাষ্ট্র বিরোধী কোন কাজের সঙ্গে জড়িত নহেন।

আমি তাঁর জীবনের সার্বিক মঙ্গল কামনা করি।

নিম্নে তাঁর নমুনা স্বাক্ষর সত্যায়ন করা হলো :-

নাম	নমুনা স্বাক্ষর	সত্যায়নকারীর স্বাক্ষর ও সিল

(প্রত্যয়নকারীর স্বাক্ষর, তারিখ ও সিল)

সংযুক্তি :

- ১। অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত এমপিও শিটের ফটোকপি (এমপিও ভূক্ত শিক্ষকদের ক্ষেত্রে)।
- ২। অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত প্রতিষ্ঠান থেকে প্রদত্ত নিয়োগপত্রের ফটোকপি (নন-এমপিও শিক্ষকদের ক্ষেত্রে)।
- ৩। অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।